বিয়াম ফাউন্ডেশন গবেষণা কেন্দ্র (বিএফআরসি)
BIAM Foundation Research Center (BFRC)
www.bfrc.gov.bd

স্মারক নং- ০৫.০৫.০০০০.০০১.০০১.০১.০০০২.২৪-৩১

তারিখ: ১৮ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
০৩ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: গবেষণা প্রস্তাব আহ্বান।**

বিয়াম ফাউন্ডেশন গবেষণা কেন্দ্র (বিএফআরসি) কর্তৃক 'বিয়াম ফাউন্ডেশন গবেষণা এবং পরামর্শ সেবা নীতিমালা ২০২৩ (সংশোধিত ২০২৬) অনুসারে বিয়াম ফাউন্ডেশনের গবেষণা কোডে বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আগামী ২০২৬-২০২৭ অর্থ বছরে গবেষণা কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গবেষণা কেন্দ্রের রিসোর্স পুলের সদস্য, সার্ভিসে কর্মরত এবং অবসরপ্রাপ্ত সদস্য, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং বিভিন্ন প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠানের গবেষকদের নিকট থেকে নীতিমালার পরিশিষ্ট **'ক'** এ উল্লিখিত বিষয় বা ক্ষেত্রসমূহের উপর গবেষণা প্রস্তাব আহ্বান করা হলো। গবেষণা সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য www.biam.gov.bd অথবা www.bfrc.gov.bd ওয়েবসাইট ভিজিট করার জন্য সকলকে অনুরোধ করা হলো।

**গবেষণা প্রস্তাব দাখিলের বিষয় বা ক্ষেত্রসমূহ (পরিশিষ্ট 'ক')**

| | |
|---|---|
| ক | বিসিএস (প্রশাসন) সার্ভিসের কার্যক্রম, দক্ষতা ও নাগরিক সেবায় অবদান (Activities of BCS Admin service, efficiency and contribution in citizen service); |
| খ | গণতন্ত্র, সুশাসন, ন্যায়বিচার, মানবাধিকার ও প্রশাসনিক সংস্কার (Democracy, good governance, justice, human rights, and administrative reform); |
| গ | আর্থ-সামাজিক উন্নয়নে জনপ্রশাসন ও উদ্ভাবনী চর্চা (Civil administration in socio-economic development and innovative practices); |
| ঘ | মৌলিক অধিকার রক্ষায় জনপ্রশাসন (Civil administration in ensuring fundamental rights); |
| ঙ | সরকারের গুরুত্বপূর্ণ অগ্রাধিকার, নীতি, পরিকল্পনা ও কর্মসূচি (Priority, policy, plan and programme of the government); |
| চ | সরকারি কর্মচারীদের আচরণ, দক্ষতা ও মানব সম্পদ ব্যবস্থাপনা (Behavior, efficiency of public servant and HRM); |
| ছ | ই-গভর্নেন্স (E-Governance); |
| জ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (Information and communication technology) |
| ঝ | চতুর্থ শিল্প বিপ্লব (4IR); |
| ঞ | টেকসই উন্নয়ন অভিষ্টসমূহ (SDGs); |
| ট | সরকারি ক্রয় ব্যবস্থাপনা (Public procurement management); |
| ঠ | পাবলিক সার্ভিস ডেলিভারি (Public service delivery); এবং |
| ড | বিএফআরসি'র স্টিয়ারিং কমিটি/বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ডের নির্দেশক্রমে অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি। |

**গবেষণার বাজেট সীমা:**

(ক) 'ক' শ্রেণির গবেষণা: ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উর্ধ্বে তবে সর্বোচ্চ ১৫,০০,০০০/ (পনের লক্ষ) টাকা;

(খ) 'খ' শ্রেণির গবেষণা: ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার উর্ধ্বে তবে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা পর্যন্ত;

(গ) 'গ' শ্রেণির গবেষণা: অনূর্ধ্ব ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বাজেট সম্পন্ন গবেষণা।



SA

৬৩, নিউ ইস্কাটন, ঢাকা-১২১৭, বাংলাদেশ। ফোন: ৪১০৩০৮৬৮ (সরাসরি), ৪১০৩০৮৪৫ (পিএবিএক্স)
63, New Eskaton, Dhaka-1217. Ph. 880-2-41030868 (Direct), 880-2-41030845 (pabx), Email: ed.biam.rc@biam.gov.bd

**গবেষণা প্রস্তাবে নিম্নলিখিত বিষয় অন্তর্ভুক্ত থাকতে হবে (পরিশিষ্ট খ)**

(ক) গবেষণার শিরোনামপত্র
- (i) গবেষণাকর্ম/সমীক্ষার শিরোনাম (Tittle of the research)
- ii) গবেষক/গবেষক দলের নাম, ঠিকানা, ফোন, ইমেইল (Name of the research team)

(খ) ভূমিকা (Introduction)
(গ) সমস্যা চিহ্নিতকরণ (Problem statement)
(ঘ) গবেষণার যৌক্তিকতা (Rationale of the study)
(ঙ) বিদ্যমান প্রাসঙ্গিক গবেষণা ও প্রকাশনা পর্যালোচনা (Literature review)
(চ) তাত্ত্বিক/ধারণাগত কাঠামো (Theoretical/conceptual framework)
(ছ) গবেষণার প্রশ্ন এবং উদ্দেশ্য (Research questions and objectives)
(জ) গবেষণার পদ্ধতি (Methodology of the study)
- i) উপাত্তের উৎস ও পরিমাণ (Data sources and sample size)
- ii) তথ্য সংগ্রহ পদ্ধতি (Method of data collection),
- iii) তথ্য সংগ্রহের ক্ষেত্র/এলাকা (Area of data collection),
- iv) গবেষণার পরিধি (Scope of the research)
- v) তথ্য বিশ্লেষন পরিকল্পনা (Data analysis plan)

(ঝ) প্রত্যাশিত ফলাফল (Expected outcome/result/implications)
(ঞ) কর্মপরিকল্পনা ও সময়সীমা (Action plan and time frame)
(ট) খাতভিত্তিক বাজেট (Proposed budget)
(ঠ) গ্রন্থপঞ্জী (Bibliography/References) এবং
(ড) গবেষক বা গবেষণা টীমের সদস্যদের জীবন বৃত্তান্ত।

**গবেষণা প্রস্তাব দাখিল সংক্রান্ত নিয়মাবলি:**

১। গবেষণা প্রস্তাব নির্বাহী পরিচালক, বিয়াম ফাউন্ডেশন গবেষণা কেন্দ্র (বিএফআরসি), কক্ষ নং ৩০৮-৩০৯, বিয়াম ফাউন্ডেশন, ৬৩ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১২১৭ বরাবর একটি মুখবন্ধ খামে সরাসরি অথবা ডাকযোগে দাখিল করতে হবে। প্রস্তাব বাংলা অথবা ইংরেজি যেকোনো একটি ভাষায় প্রস্তুত করা যাবে। মোট ০৫ (পাঁচ) সেট গবেষণা প্রস্তাব জমা দিতে হবে। শুধুমাত্র মূল গবেষণা প্রস্তাবের সফট কপি ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে। আনুষঙ্গিক কাগজপত্র ই-মেইলে প্রেরণের প্রয়োজন নেই।

২। গবেষণা প্রস্তাবের মূল সেটে গবেষক বা গবেষণা দলের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, ই-মেইলসহ প্রয়োজনীয় যোগাযোগের তথ্য সন্নিবেশ করতে হবে। শুধুমাত্র মূল সেটের প্রতি পাতায় গবেষক বা দলনেতা স্বাক্ষর করবেন। অন্য চার সেটে গবেষক বা প্রতিষ্ঠানের নাম-ঠিকানা উল্লেখ করা যাবে না, যাতে মূল্যায়নকারীর নিকট গবেষণা প্রস্তাবটি নৈর্ব্যক্তিক (Blind Review) পদ্ধতিতে মূল্যায়নের জন্য প্রেরণ করা সম্ভব হয়।

৩। প্রাতিষ্ঠানিক গবেষণা প্রস্তাবের ক্ষেত্রে প্রতিষ্ঠানের পরিচিতিমূলক এক পৃষ্ঠার সংক্ষিপ্ত বর্ণনা প্রদানই যথেষ্ট। অতিরিক্ত কাগজপত্র সংযোজনের প্রয়োজন নেই।

৪। গবেষণা প্রস্তাব সর্বোচ্চ ৩০০০ (তিন হাজার) শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। প্রস্তাবটি গবেষকের নিজস্ব জ্ঞান, বিশ্লেষণ ও বিবেচনার ভিত্তিতে প্রস্তুত হতে হবে। কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence–AI) নির্ভর গবেষণা প্রস্তাব গ্রহণযোগ্য নয়।



৬৩, নিউ ইস্কাটন, ঢাকা-১২১৭, বাংলাদেশ। ফোন: ৪১০৩০৮৬৮ (সরাসরি), ৪১০৩০৮৪৫ (পিএবিএক্স)
63, New Eskaton, Dhaka-1217. Ph. 880-2-41030868 (Direct), 880-2-41030845 (pabx), Email: ed.biam.rc@biam.gov.bd

৫। গবেষণা কার্যক্রম 'বিয়াম ফাউন্ডেশন গবেষণা ও পরামর্শ সেবা নীতিমালা ২০২৩ (সংশোধিত ২০২৬)' অনুযায়ী পরিচালিত হবে। উক্ত নীতিমালা বিয়াম ফাউন্ডেশন (www.biam.gov.bd) এবং বিএফআরসি'র (www.bfrc.gov.bd) ওয়েবসাইটে আপলোড করা আছে।

৬। গবেষণা প্রস্তাব দাখিলের সর্বশেষ সময়সীমা **০৯ এপ্রিল, ২০২৬ তারিখ, অফিস চলাকালীন সময়, অর্থাৎ বিকাল ৫:০০ ঘটিকা।**

৭। কর্তৃপক্ষ যে কোনো অথবা সকল গবেষণা প্রস্তাব গ্রহণ বা বাতিল করার পূর্ণ অধিকার সংরক্ষণ করে।

(ড. মোঃ মফিজুর রহমান)
নির্বাহী পরিচালক
সাবেক অতিরিক্ত সচিব
ফোন-৪১০৩০৮৬৮
ইমেইল- ed.biam.rc.biam.bd

**বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় এবং সভাপতি, বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রেশন সার্ভিস এসোসিয়েশন (বাসা)।
৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। রেক্টর (সচিব), বিপিএটিসি, সাভার, ঢাকা।
৬। রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমী, শাহবাগ ঢাকা ।
৭। মহাপরিচালক (সচিব), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী (এনএপিডি), নীলক্ষেত, ঢাকা।
০৮। রেক্টর (সচিব), জাতীয় উন্নয়ন একাডেমী (নাডা), রূপনগর,মিরপুর, ঢাকা।
০৯। মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা পরিষদ (বিআইডিএস), ই-১৭, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
১০। জনাব ........................................ সদস্য, বিয়াম ফাউন্ডেশান গবেষণা কেন্দ্রের তালিকাভুক্ত রিসোর্স পুল।
১১। ভাইস চ্যান্সেলর,.................................................বিশ্ববিদ্যালয়।
১২। মহাপরিচালক মহোদয়য়ের ব্যক্তিগত সহকারী, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।



৬৩, নিউ ইস্কাটন, ঢাকা-১২১৭, বাংলাদেশ। ফোন: ৪১০৩০৮৬৮ (সরাসরি), ৪১০৩০৮৪৫ (পিএবিএক্স)
63, New Eskaton, Dhaka-1217. Ph. 880-2-41030868 (Direct), 880-2-41030845 (pabx), Email: ed.biam.rc@biam.gov.bd